



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১১.০১.২০২৫

প্রেস রিলিজ

পাবিপ্রবি'র প্রথম আইসিই অ্যালামনাই রিইউনিয়ন অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (১১ জানুয়ারি) ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের “প্রথম আইসিই অ্যালামনাই রিইউনিয়ন অ্যান্ড আইসিই ফিয়েস্তা-২০২৫” অনুষ্ঠিত হয়েছে। এ অনুষ্ঠানের মাধ্যমে সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের মধ্যে এক মেলবন্ধন ঘটে।

সকাল ১০টায় বর্ণিল আনন্দ শোভাযাত্রার মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর কবি বন্দে আলী মিয়া মুক্তমঞ্চে মূল অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. শেখ রাসেল আল আহমেদ। দিনব্যাপী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আনোয়ার হোসেন। এ ছাড়াও বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

ক্যারিয়ার কানেক্ট সেশন, অ্যালামনাই কমিটি ঘোষণা, ফিয়েস্তা পুরস্কার বিতরণী, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন ইভেন্টের মধ্য দিয়ে দিনব্যাপী অনুষ্ঠান চলে।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।